রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৯ সনের ১৩ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বৃহস্পতিবার, মার্চ ২৮, ২০১৯**

## সূচিপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ১৭৭—১৮৬ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৩১১—৩৩৩ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ২০৬৫—২১৩০ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ১১ |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ............ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

### গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিবিধ প্রজ্ঞাপনসমূহ।

### প্রধানমন্ত্রীর কার্যালয়

**প্রজ্ঞাপন**

তারিখ : ০২ ফাল্গুন, ১৪২৫বঙ্গাব্দ/১৪ ফেব্রুয়ারি ২০১৯ খ্রিষ্টাব্দ

**নং ০৩.০০.০০০০.০৬৮.১৮.০০১.১৯-১০৬**—বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা), বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা), বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ (বেপজা), পাবলিক প্রাইভেট পার্টনারশিপ (পিপিপি) কর্তৃপক্ষ এবং বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ-এর দাপ্তরিক বিষয়সমূহ দ্রুততর নিষ্পত্তি, কার্যক্রমে গতিশীলতা আনয়ন, পত্রাদির বিশেষ প্রাধিকার প্রতিষ্ঠা এবং বিনিয়োগ উৎসাহিতকরণের লক্ষ্যে সকল পত্রের অগ্রভাগে **"বিনিয়োগ অগ্রাধিকার"** শব্দবন্ধটি ব্যবহৃত হবে।

২। **"বিনিয়োগ অগ্রাধিকার"** শব্দবন্ধটি ব্যবহৃত পত্রসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৩। প্রজ্ঞাপনটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**মোঃ জিয়াউল হক**
পরিচালক-১।

### বিএসইসি ও বিআইসিএম শাখা

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৯ ফেব্রুয়ারি ২০১৮

**নং৫৩.০০.০০০০.৪২১.১১.০০২.১৮-৪৩**—বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেটে (বিআইসিএম) এর সংঘবিধির 3.6(a)(xii) নং অনুচ্ছেদ অনুযায়ী বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট এর পরিচালনা পর্ষদে পরিচালক হিসেবে জনাব কামরুন নাহার আহমেদ (পিআরএল ভোগরত) এর পরিবর্তে আর্থিক প্রতিষ্ঠান বিভাগের যুগ্মসচিব জনাব রুখসানা হাসিন-কে পুনরাদেশ না দেয়া পর্যন্ত মনোনয়ন প্রদান করা হ'ল।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**মোঃ মখফার উদ্দিন খোকন**
সহকারী সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

## জাতীয় রাজস্ব বোর্ড
## [শুল্ক]

### বিশেষ আদেশ

তারিখ: ১২ ফাল্গুন, ১৪২৫ বঙ্গাব্দ/২৪ ফেব্রুয়ারি ২০১৯ খ্রিষ্টাব্দ

**নং ০৩৬/২০১৯/শুল্ক/৯৩**।—The Customs Act, 1969 (Act-IV) of 1969) এর Section-13(2) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড বন্ডেড ওয়্যার হাউস প্রতিষ্ঠান মেসার্স ইস্টার্ণ ডিপ্লোমেটিক সার্ভিসেস লিঃ এর বার্ষিক আমদানি প্রাপ্যতা নিম্নরূপভাবে নির্ধারণ করিল, যথা :

| ক্রঃ নং | প্রতিষ্ঠানের নাম | নির্ধারিত বার্ষিক আমদানি প্রাপ্যতার পরিমাণ |
|---|---|---|
| ০১। | মেসার্স ইস্টার্ণ ডিপ্লোমেটিক সার্ভিসেস লিঃ | মার্কিন ডলার ১১,০৭,০০০.০০ (এগার লক্ষ সাত হাজার) |

২। উল্লিখিত বার্ষিক আমদানি প্রাপ্যতা ২০১৮-১৯ অর্থ বছর হইতে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**সুলতান মোঃ ইকবাল**
সদস্য (শুল্কঃ রপ্তানি, বন্ড ও আইটি)।

---

## আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
## আইন ও বিচার বিভাগ
## বিচার শাখা-৭

### আদেশ

তারিখ : ১৯ ফেব্রুয়ারি ২০১৯ খ্রিষ্টাব্দ

**নং বিচার-৭/২এন-৩৯/২০১২-৯১**।—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (মুহাম্মদ আখতার হোছাইন, পিতা-মৃত মোঃ ছৈয়দুর রহমান, মাতা-মৃত সুরুজ্জামান, গ্রাম-রুমাখা পালং, ডাকঘর-রত্নাপালং, উপজেলা- উখিয়া, জেলা কক্সবাজার) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে কক্সবাজার জেলার উখিয়া উপজেলার ০৩ নং হলদিয়া পালং ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে বা উপযুক্ত কারণ সাপেক্ষে বাতিল/স্থগিত করিতে পারবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আনোয়ারুল হক**
সিনিয়র সহকারী সচিব।

### আদেশাবলী

তারিখ : ১৮ ফেব্রুয়ারি ২০১৯ খ্রিষ্টাব্দ

**নং বিচার-৭/২এন-৩৯/৯৪(অংশ)-৮৫**।—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে, (মোঃ আবদুল কুদ্দুস, পিতা-আবদুল বাকী, মাতা-সুরমা বেগম, গ্রাম-উত্তর ফকিরপুর, ০৪নং ওয়ার্ড, ডাকঘর-নোয়াখালী, উপজেলা নোয়াখালী সদর, জেলা নোয়াখালী।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নোয়াখালী জেলার সদর পৌরসভার ০৪ নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে বা উপযুক্ত কারণ সাপেক্ষে বাতিল/স্থগিত করিতে পারবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

**নং বিচার-৭/২এন-১২৯/৭৮-৮২**।—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব মোঃ মনজুরুল ইসলাম, পিতা- মোঃ ফজলুর রহমান, মাতা-সেলিনা রহমান, পোঃ সফিপুর কালিয়াকৈর পৌরসভা, ওয়ার্ড নং-০৭, উপজেলা কালিয়াকৈর, জেলা-গাজীপুর। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে গাজীপুর জেলার কালিয়াকৈর পৌরসভার ৭ ও ৮নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে বা উপযুক্ত কারণ সাপেক্ষে বাতিল/স্থগিত করিতে পারবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা/স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ বুলবুল আহ্‌মেদ**
সিনিয়র সহকারী সচিব।

## ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
## ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
## কোম্পানী-১ শাখা

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৭ ফাল্গুন ১৪২৫/১৯ ফেব্রুয়ারি ২০১৯

**নং ১৪.০০.০০০০.০০৮.২৭.০৩১.১৩.৯৩**—যেহেতু, জনাব আবুল ফজল মোঃ তৌহিদুল করিম, বিভাগীয় প্রকৌশলী (চলতি দায়িত্ব), পল্লী টেলিকম, বিটিসিএল, রংপুর হিসেবে কর্মরত থাকাবস্থায় বিগত ১৬-০৬-২০১৩ তারিখে বিটিসিএল কর্তৃক গঠিত এক্সচেঞ্জ ট্রাফিক ও সিডিআর সংক্রান্ত কমিটি রংপুর টেলিফোন এক্সচেঞ্জ পরিদর্শন করে। পরিদর্শনকালে কমিটি উক্ত এক্সচেঞ্জের কল বিশ্লেষণ করে দেখতে পায় যে, রংপুর এক্সচেঞ্জের মাধ্যমে বিপুল পরিমাণ অবৈধ কল করা হচ্ছে, যা উক্ত একচেঞ্জের বৈধ গ্রাহকগণ কর্তৃক সম্পাদিত কল নয়; বরং উক্ত এক্সচেঞ্জের গ্রাহকগণের অনুরূপ নম্বর কৃত্রিমভাবে সৃষ্টি করে ঐ কলসমূহ বর্ণিত এক্সচেঞ্জের মাধ্যমে বিটিসিএল-এর ICX এ প্রেরণ করা হয়েছে;

যেহেতু, বিটিসিএল কর্তৃক প্রেরিত পরিদর্শন টীম উপরিউল্লিখিত তারিখে রংপুর এক্সচেঞ্জ পরিদর্শনকালে আরও দেখতে পায় যে, BTCL, Access Network এর প্রকৃত গ্রাহক থেকে উক্ত কলসমূহ না করার ফলে বিটিসিএল ANS বা ICX হিসেবে কোন রাজস্ব পাচ্ছে না। অধিকন্তু অন্য অপারেটরদেরকে কল প্রেরণের জন্য প্রতি মিনিটে ০.১৮ টাকা হারে পরিশোধ করতে হচ্ছে, যার ফলে সরকার তথা বিটিসিএল বিপুল পরিমাণ রাজস্ব আয় থেকে বঞ্চিত হচ্ছে। এছাড়া, এক্সচেঞ্জের Route Level-এ CDR Activate থাকা অপরিহার্য হওয়া সত্বেও উক্ত এক্সচেঞ্জের CDR Generation Activate না থাকায় এবং একচেঞ্জের ধারণকৃত Log file মুছে ফেলায় উক্ত এক্সচেঞ্জের মাধ্যমে সম্পাদিত সকল কর্মকান্ডের রেকর্ড হারিয়ে যায়। পরিদর্শন টীম কর্তৃক রংপুর এক্সচেঞ্জ পরিদর্শনকালে কয়েকটি অননুমোদিত রুটও উদঘাটিত হয়;

যেহেতু, জনাব আবুল ফজল মোঃ তৌহিদুল করিম, বিভাগীয় প্রকৌশলী (চলতি দায়িত্ব), এর এহেন কার্যকলাপ সরকারি আদেশ অমান্যকরণ, কর্তব্যে চরম অবহেলা ও দুর্নীতির পরিচায়ক যা, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমাল, ১৯৮৫ এর ৩(বি) ৩(ডি) বিধি মোতাবেক যথাক্রমে "অসদাচরণ" ও "দুর্নীতি" এর শামিল। এ প্রেক্ষিতে বিভাগীয় মামলা রুজু করার নিমিত্ত অভিযোগনামা ও অভিযোগবিবরণী প্রস্তুত করতঃ তার স্থায়ী এবং কর্মস্থলের ঠিকানায় গত ২৭-১০-২০১৩ খ্রিঃ তারিখে প্রেরণ করা হয়। অভিযুক্ত কর্মকর্তা জনাব আবুল ফজল মোঃ তৌহিদুল করিম অভিযোগনামার প্রেক্ষিতে গত ০৪-১২-২০১৩ খ্রিঃ তারিখে জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানী প্রার্থনা করেন। উক্ত কর্মকর্তার ব্যক্তিগত শুনানী গত ৩০-১২-২০১৩ খ্রিঃ তারিখে গ্রহণ করা হয়;

যেহেতু, জনাব আবুল ফজল মোঃ তৌহিদুর করিম এর কারণ দর্শানোর নোটিশের জবাব ও ব্যক্তিগত শুনানীর প্রেক্ষিতে তদন্ত বোর্ড গঠন করা হয়। তদন্ত বোর্ডের প্রতিবেদন অনুযায়ী অভিযুক্তের বিরুদ্ধে আনীত "অসদাচরণ" এর অভিযোগ প্রমাণিত হয়; কিন্তু "দুর্নীতি" এর অভিযোগ সুনির্দিষ্টভাবে প্রমাণিত হয়নি। জনাব আবুল ফজল মোঃ তৌহিদুল করিমকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগে দোষী সাব্যস্ত করে তাকে "চাকরি হতে বরখাস্ত (Dismissal from service)" দণ্ড আরোপের সিদ্ধান্ত গৃহীত হয় এবং সে অনুযায়ী গত ১৬-০৮-২০১৬ খ্রিঃ তারিখে ২য় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি ১৩-১১-২০১৬ খ্রিঃ তারিখে ২য় কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন। উক্ত ২য় কারণ দর্শানো নোটিশের জবাব সন্তোষজনক না হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ বিধি ৪(৩) (ডি) মোতাবেক গুরুদণ্ড অর্থাৎ "চাকরি হতে বরখাস্ত (Dismissal from service)" দণ্ড আরোপের নিমিত্ত পিএসসি'র মতামতের জন্য গত ০৩-০৪-২০১৮ খ্রিঃ তারিখে পত্র প্রেরণ করা হয়। উক্ত পত্রের প্রেক্ষিতে পিএসসি ১১-১১-২০১৮ খ্রিঃ তারিখে প্রেরিত পত্রে এ বিভাগের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করে;

যেহেতু, জনাব আবুল ফজল মোঃ তৌহিদুল করিম, বিসিএস (টেলিকম) ক্যাডারের কর্মকর্তা বিধায় তাকে "চাকরি হতে বরখাস্তকরণ (Dismissal from service)" দণ্ড আরোপের প্রস্তাবে মহামান্য রাষ্ট্রপতির অনুমোদন গ্রহণ করা হয়েছে;

সেহেতু, জনাব আবুল ফজল মোঃ তৌহিদুল করিম, বিভাগীয় প্রকৌশলী (চলতি দায়িত্ব), টেলিযোগাযোগ অধিদপ্তর ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় উক্ত বিচারিক কার্যক্রমের ধারাবাহিকতায় ২০১৮ সালে সংশোধিত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী "অসদাচরণ" এর অীভযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালায় ৪(৩)(ঘ) বিধি মোতাবেক তাকে "চাকরি হতে বরখাস্তকরণ (Dismissal from service)" দণ্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**অশোক কুমার বিশ্বাস**
ভারপ্রাপ্ত সচিব।

---

## রেলপথ মন্ত্রণালয়
## প্রশাসন-৩ শাখা

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৩ ফাল্গুন, ১৪২৫ বঙ্গাব্দ/২৫ ফেব্রুয়ারি, ২০১৯ খ্রিষ্টাব্দ

**নং ৫৪.০০.০০০০.০২৩.২৭.০০৩.১২.(অ-১)-৫২**—যেহেতু, জনাব সেলিম মোহাম্মদ (পিআরএল ভোগরত), অতিরিক্ত মহাব্যবস্থাপক (পূর্ব) বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম প্রাক্তন প্রধান সরঞ্জাম নিয়ন্ত্রক (ক্রয়) পাহাড়তলী, চট্টগ্রামকে মহাপরিচালক কর্তৃক স্মারক নং ৫৪.০১.২৬০০.০০৬.১২. ০১৫.১২-৩১৬, তারিখ: ১০-০৯-২০১৩ মূলে ১২টি উপ-সহকারী প্রকৌশলী/স্টোর এর পদ পদোন্নতির মাধ্যমে পূরণে অনুমতি দেয়া হয়। উক্ত পত্রে আরো বলা হয় যে, ইতোমধ্যে যদি উক্ত ১২টি পদের মধ্যে কেউ বিভাগীয়ভাবে পদোন্নতিপ্রাপ্ত কর্মচারী থাকে সে সংখ্যা বাদ দিয়ে অবশিষ্ট পদ পূরণ করতে হবে। নির্দেশনা থাকা সত্ত্বেও অভিযুক্ত কর্মকর্তা সেটি অনুসরণ না করে ১৪ জন উচ্চমান সহকারীকে পদোন্নতি প্রদান করেছেন। এছাড়া পদোন্নতি প্রদানের আদেশ উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক স্থগিত করা হলেও জনাব সেলিম মোহাম্মদ উক্ত নির্দেশনার পরিপ্রেক্ষিতে কোন কার্যক্রম গ্রহণ করেননি বিধায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) অনুযায়ী অসদাচরণ (Misconduct) এর অভিযোগে বিভাগীয় মামলা দায়ের করা হয় এবং রেলপথ মন্ত্রণালয়ের ১৭-০৪-২০১৮ তারিখের ৫৪.০০.০০০০.০২৩.২৭.০০৩.১৮(অংশ)-১৪১ নং স্মারক যোগে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়। একইসাথে তিনি ব্যক্তিগত শুনানী চান কিনা তা জানানোর জন্য বলা হয়।

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ০৮-০৭-২০১৮ তারিখে লিখিত জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানীর জন্য আবেদন করেন;

যেহেতু, ০৭-১০-২০১৮ তারিখে ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, কারণ দর্শানোর নোটিশের পরিপ্রেক্ষিতে তাঁর লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য সন্তোষজনক ছিল না;

যেহেতু, বিভাগীয় মামলাটি তদন্তের জন্য ৩০-১০-২০১৮ তারিখে অত্র মন্ত্রণালয়ের যুগ্মসচিব জনাব মোঃ রফিকুল ইসলাম-কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক তাঁর বিরুদ্ধে আনীত 'অসদাচরণের' অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে তদন্ত প্রতিবেদন দাখিল করেন;

যেহেতু, বিভাগীয় মামলার অভিযোগ, তদন্ত প্রতিবেদনসহ সংশ্লিষ্ট কাগজপত্রাদি পর্যালোচনা করে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অসদাচরণের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে;

সেহেতু, জনাব সেলিম মোহাম্মদ (পিআরএল ভোগরত), অতিরিক্ত মহাব্যবস্থাপক (পূর্ব) বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম প্রাক্তন প্রধান সরঞ্জাম নিয়ন্ত্রক (ক্রয়) পাহাড়তলী, চট্টগ্রাম-কে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' (Misconduct) এর অভিযোগে অভিযুক্ত করা হলো এবং একই বিধিমালার বিধি ৪(২)(ক) অনুযায়ী তাকে 'তিরস্কার' (Censure) দণ্ডে দণ্ডিত করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মোফাজ্জেল হোসেন**

সচিব।

---

**সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়**

**সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ**

**বিআরটিএ সংস্থাপন শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ১৯ ফেব্রুয়ারি ২০১৯ খ্রিঃ

**নং ৩৫.০০.০০০০.০২০.০০৬.০৬২.১৭-৭৮**—জাতীয় সড়ক নিরাপত্তা কাউন্সিলের ২৬তম সভার সিদ্ধান্তের আলোকে সড়ক পরিবহন সেক্টরে শৃঙ্খলা জোরদারকরণ এবং দুর্ঘটনা নিয়ন্ত্রণে সুপারিশ প্রণয়নের জন্য নিম্নোক্তভাবে একটি কমিটি গঠন করা হলো :

**সভাপতি**

১. মোঃ শাজাহান খান, এমপি

**সদস্যবৃন্দ**

২. মোঃ মশিউর রহমান রাঙ্গা, এমপি

৩. অতিরিক্ত পুলিশ কমিশনার (ট্রাফিক), ঢাকা মেট্রোপলিটন পুলিশ

৪. ডিআইজি (অপারেশন), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা

৫. ডিআইজি, হাইওয়ে পুলিশ, ঢাকা

৬. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর এর একজন উপযুক্ত প্রতিনিধি

৭. পরিচালক, এক্সিডেন্ট রিসার্চ ইনস্টিটিউট, বুয়েট

৮. সৈয়দ আবুল মকসুদ, বিশিষ্ট কলামিস্ট ও গবেষক

৯. নির্বাহী পরিচালক, ব্র্যাক

১০ ইলিয়াস কাঞ্চন, চেয়ারম্যান, নিরাপদ সড়ক চাই

১১ খন্দকার এনায়েত উল্যাহ, মহাসচিব, বাংলাদেশ সড়ক পরিবহন সমিতি

১২ ওসমান আলী, সাধারণ সম্পাদক, বাংলাদেশ সড়ক পরিবহন শ্রমিক ফেডারেশন

১৩ মোঃ রুস্তম আলী খান, সাধারণ সম্পাদক, বাংলাদেশ ট্রাক ও কাভার্ড ভ্যান মালিক সমিতি

১৪ মোঃ তোফাজ্জল মজুমদার, সভাপতি, বাংলাদেশ ট্রাক ও কাভার্ড ভ্যান মালিক সমিতি

**সদস্য-সচিব**

১৫ চেয়ারম্যান, বিআরটিএ

২। বর্ণিত কমিটি আগামী ১৪ (চৌদ্দ) কর্মদিবসের মধ্যে এ সংক্রান্তে প্রতিবেদন দাখিল করবেন।

তারিখ : ১৩ ফেব্রুয়ারি ২০১৯ খ্রিঃ

**নং ৩৫.০০.০০০০.০২০.০০৬.০৬২.১৭-৭২**—জাতীয় সড়ক নিরাপত্তা কাউন্সিল (National Road Safety Council) নিম্নরূপভাবে পুনর্গঠন করা হলো :

**সভাপতি**

১. মাননীয় মন্ত্রী, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

২. জনাব আসাদুজ্জামান খান, মাননীয় মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

৩. জনাব মোঃ নূরুল ইসলাম সুজন, মাননীয় মন্ত্রী রেলপথ মন্ত্রণালয়

৪. মাননীয় মেয়র, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন

৫. মাননীয় মেয়র, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

৬. জনাব খালিদ মাহমুদ চৌধুরী, মাননীয় প্রতিমন্ত্রী, নৌ-পরিবহন মন্ত্রণালয়

৭. সভাপতি, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি

৮. জনাব শাজাহান খান, এমপি, মাদারীপুর-২ আসন

৯. সচিব, স্থানীয় সরকার বিভাগ

১০. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

১১. সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

১২. সচিব, তথ্য মন্ত্রণালয়

১৩. সচিব, (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ

১৪. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

১৫. সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

১৬. সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

১৭. সচিব, রেলপথ মন্ত্রণালয়

১৮. সচিব, স্বাস্থ্যসেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

১৯. সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

২০. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
২১. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
২২. সচিব, শিল্প মন্ত্রণালয়
২৩. মহা-পুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ
২৪. সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন
২৫. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর
২৬. প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
২৭. কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি)
২৮. নির্বাহী পরিচালক, ডিটিসিএ
২৯. মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন (বিটিভি)
৩০. চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক)
৩১. চেয়ারম্যান, বিআইডব্লিউটিসি
৩২. চেয়ারম্যান, বিআরটিসি
৩৩. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর
৩৪. মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে
৩৫. মহাপরিচালক, বাংলাদেশ বেতার
৩৬. বিভাগীয় কমিশনার, ঢাকা
৩৭. উপ-মহাপুলিশ পরিদর্শক, ঢাকা রেঞ্জ
৩৮. উপ-মহাপুলিশ পরিদর্শক, হাইওয়ে পুলিশ
৩৯. সৈয়দ আবুল মকসুদ, সুশীল সমাজের প্রতিনিধি
৪০. পরিচালক, এক্সিডেন্ট রিসার্চ ইনস্টিটিউট, বুয়েট
৪১. নির্বাহী পরিচালক, ব্র্যাক
৪২. জনাব ইলিয়াস কাঞ্চন, চেয়ারম্যান, নিরাপদ সড়ক চাই
৪৩. মহাসচিব, বাংলাদেশ সড়ক পরিবহন সমিতি
৪৪. সভাপতি, বাংলাদেশ সড়ক পরিবহন শ্রমিক ফেডারেশন
৪৫. সাধারণ সম্পাদক, বাংলাদেশ সড়ক পরিবহন শ্রমিক ফেডারেশন
৪৬. সাধারণ সম্পাদক, বাংলাদেশ ট্রাক ও কাভার্ড ভ্যান মালিক সমিতি
৪৭. চেয়ারম্যান, বাংলাদেশ বাস ট্রাক ওনার্স এসোসিয়েশন
৪৮. সরকার কর্তৃক মনোনীত সড়ক ব্যবহারকারী সংগঠনের ১ (এক) জন প্রতিনিধি

**সদস্য-সচিব**

৪৯. চেয়ারম্যান, বিআরটিএ

২। কাউন্সিলের কার্য-পরিধি (TOR) নিম্নরূপ হবে :—

(ক) সড়ক নিরাপত্তা সংক্রান্ত নীতি নির্ধারণ;
(খ) স্বল্প, মধ্যম ও দীর্ঘমেয়াদী সড়ক নিরাপত্তা পরিকল্পনা;
(গ) সড়ক নিরাপত্তা বিধানে কৌশল উদ্ভাবন এবং বাস্তবায়নের দিক-নির্দেশনা প্রদান;
(ঘ) সড়ক নিরাপত্তা বিষয়ে সৃষ্ট সমস্যাদি সমাধানে সুপারিশ এবং দুর্ঘটনা হ্রাসকল্পে পরামর্শ প্রদান;
(ঙ) সড়ক পরিবহণ এবং সড়ক নির্মাণ, পরিচালনা ও ব্যবস্থাপনা এবং উভয় বিষয়ে নিয়ন্ত্রণ ও তত্ত্বাবধানের সাথে সম্পৃক্ত বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার মধ্যে সমন্বয় সাধনের পরামর্শ প্রদান;
(চ) বিবিধ।

৩। এ কাউন্সিল প্রতি ছয় মাস অন্তর অথবা সভাপতি মহোদয়ের ইচ্ছা অনুযায়ী যে কোনো সময় বৈঠকে মিলিত হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**মোঃ লিয়াকত আলী**
সহকারী সচিব।

**শিক্ষা মন্ত্রণালয়**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**(সরকারি মাধ্যমিক-৩)**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২২ মাঘ, ১৪২৫ বঙ্গাব্দ/০৪ ফেব্রুয়ারি, ২০১৯ খ্রিস্টাব্দ

**নং ৩৭.০০.০০০০.০৭১.১৮.০০২.১৭(অংশ-২)-১২০**—০৪ ফেব্রুয়ারি ২০১৯ খ্রিষ্টাব্দ/২২ মাঘ, ১৪২৫ বঙ্গাব্দ তারিখ হতে নিম্নবর্ণিত ০১ (এক) টি বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়কে সরকারি করা হলো :—

| ক্রমিক নং | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা |
|---|---|
| ১ | ভাঙ্গুরা ইউনিয়ন উচ্চ বিদ্যালয় ও কলেজ, ভাঙ্গুরা, পাবনা। |

২। এ শিক্ষা প্রতিষ্ঠানে বর্তমানে কর্মরত কোনো শিক্ষক অন্যত্র বদলি হতে পারবেন না।

৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**ড. মোঃ মোকছেদ আলী**
উপসচিব।

**ধর্ম বিষয়ক মন্ত্রণালয়**
**হজ্ব শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০১ মাঘ ১৪২৫/১৪ জানুয়ারি ২০১৯

**নং ১৬.০০.০০০০.০০৩.২৭.০০১.১৮(অংশ)-৭২**—এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ২০১৭ সনের হজ মৌসুমে বেসরকারি ব্যবস্থাপনায় হজ কার্যক্রম পরিচালনায় বাংলাদেশ ও সৌদি আরবে উত্থাপিত অভিযোগের প্রেক্ষিতে তদন্ত শেষে নিম্নে বর্ণিত হজ্ব এজেন্সির বিরুদ্ধে তাদের নামের পার্শ্বে উল্লিখিত শাস্তি আরোপ করা হয়েছে।

| ক্র. নং | লা. নং | এজেন্সির নাম, লাইসেন্স নম্বর ও ঠিকানা | আরোপিত শাস্তি |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১. | 011 | Al-Amanat Travels, Gani Manzil, 37, Rajapukur Lane Anderkilla, Chittagong. | জামানত বাজেয়াপ্তসহ হজ্ব লাইসেন্স বাতিল |

| (১) | (২) | (৩) | (৪) |
|---|---|---|---|
| ২. | 566 | Bushra Travels & Tours, 28/2, Toynbee Circular Road, Malek Tower (GF), Motijheel, Dhaka. | জামানত বাজেয়াপ্তসহ হজ্ব লাইসেন্স বাতিল |
| ৩. | 925 | M/S Jaman Enterprise, Shanjari Tower, 78 Naya Paltan ( Masjid Goli), Dhaka-1000. | জামানত বাজেয়াপ্তসহ হজ্ব লাইসেন্স বাতিল |
| ৪. | 1145 | Saeed Air International Suite No-E-102 (1st Fl.) Dr. Nawab Ali Tower, 24-Purana Palton, Dhaka-1000. | জামানত বাজেয়াপ্তসহ হজ্ব লাইসেন্স বাতিল |
| ৫. | 1353 | Euro Asia Travels & Tours, H.M. Siddique Mansion (5th Floor), 55/A, Purana Palton, Dhaka-1000. | জামানত বাজেয়াপ্তসহ হজ্ব লাইসেন্স বাতিল |
| ৬. | 1041 | Modina Air International Aviation 205, Shahid Syed Nazrul Islam Sharani, Bijoy Nagar, Dhaka. | (ক) জামানত বাজেয়াপ্তসহ লাইসেন্স বাতিল এবং ১০ লক্ষ টাকা জরিমানা;<br>(খ) ২৮ জন হাজীর টিকিটের মূল্য, মক্কা, মদিনার খাওয়ার খরচ এবং গাড়ি ভাড়া বাবদ গৃহীত অতিরিক্ত টাকা ফেরত প্রদানের নির্দেশ |
| ৭. | 1235 | Suhail Air International, 166-167, Al Razi Complex, Suite No. C/A 301, 3rd Floor, Purana Palton, Dhaka. | হজ্ব লাইসেন্স বাতিল, জামানত বাজেয়াপ্ত ও ০৩ লক্ষ টাকা জরিমানা |
| ৮. | 1265 | The Maxzim Travels Agency & Tours, Shanjari Tower (G.F.), Room No. 1/B, 78, Nayapalton, Dhaka. | হজ্ব লাইসেন্স বাতিল, জামানত বাজেয়াপ্ত ও ১৫ লক্ষ টাকা জরিমানা |
| ৯. | 018 | Al Hajj travel trade, house-30, flat-3/a, Sonargaon janapath road, Sector-11, Uttara, Dhaka. | (ক) উক্ত এজেন্সির লাইসেন্স ১ (এক) বছরের (২০১৮ খ্রিঃ) জন্য স্থগিত এবং ২ (দুই) লক্ষ টাকা জরিমানা করা হলো।<br>(খ) একজন বিধবা মহিলার সঙ্গে হজের জন্য প্রদত্ত টাকা যথাসময়ে ফেরত না দেয়ায় Al hajj Travel trade. H.L. No. 18 এর হজ্ব লাইসেন্স বাতিল এবং ০৫ লক্ষ টাকা জরিমানা করা হলো।<br>(গ) হজযাত্রীগণকে চুক্তি মোতাবেক সেবা প্রদান না করায় আলহাজ ট্রাভেলস এণ্ড ট্যুরস (হজ ০০১৮) এর কার্যক্রম ১ বছরের জন্য স্থগিত এবং ১০ লক্ষ টাকা জরিমানা করা হলো। |
| ১০. | 042 | Bright Travels, mega chayaneer (1st floor-a-1), House # 45, Road # 27, Block # A, Banani Dhaka. | (ক) ব্রাইট ট্রাভেল (হ. লা. নং-৪২) কে ৫,০০,০০০ (পাঁচ লক্ষ) টাকা জরিমানা করা হলো।<br>(খ) ব্রাইট ট্রাভেলস (হ. লা. নং-০৪২) এর হজ্ব লাইসেন্স বাতিল এবং ৫,০০,০০০ (পাঁচ লক্ষ) টাকা জরিমানা করা হলো।<br>(গ) ব্রাইট ট্রাভেলস (হ. লা. নং-০০৪২) এর হজ্ব লাইসেন্স স্থায়ীভাবে বাতিল এবং ১০ (দশ) লক্ষ টাকা জরিমানা করা হলো।<br>(ঘ) ব্রাইট ট্রাভেলস (হ. লা. নং-০০৪২) এর মালিক রেজাউল করিম উজ্জ্বলকে ৩ জন হাজীর কাছ থেকে গৃহীত টাকা অনতিবিলম্বে ফেরত প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো।<br>(ঙ) হজ্বযাত্রীদের সাথে প্রতারণার দায়ে রেজাউল করিম উজ্জ্বল এর বিরুদ্ধে ফৌজদারী মামলা দায়ের করার জন্য অভিযোগকারীগণকে নির্দেশ প্রদান করা হলো। |

| (১) | (২) | (৩) | (৪) |
|---|---|---|---|
| ১১. | 635 | Al-Bari Travels International 438, Abadin Bhaban, Sonir-akhra, Sampur, Dhaka. | (ক) হজ্জযাত্রীদের না জানিয়ে রিপ্লেস করার জন্য আল বারি ট্রাভেলস ইন্টারন্যাশনাল (হ. লা. ০৬৩৫) বাতিল এবং ১০ লক্ষ টাকা জরিমানা।<br>(খ) একই সাথে হজ্জ যাত্রীদের সঙ্গে প্রতারণা করার জন্য গ্রুপ লিডার মাওলা মোঃ আব্দুস সালাম যেন ভবিষ্যতে হজ্জ সংক্রান্ত কোনো কার্যক্রমের সঙ্গে জড়িত হতে না পারেন সে বিষয়ে হাবকে অনুরোধ করা।<br>(গ) টাকা আদায় এবং প্রতারণার জন্য এজেন্সি মালিক এবং গ্রুপ লিডার মাওলা মোঃ আব্দুস সালাম এর বিরুদ্ধে সংশ্লিষ্ট আদালতে মামলা দায়ের করার জন্য হজ্জযাত্রীদের পরামর্শ প্রদান। |
| ১২. | 720 | Club Travel Service Shatabdi Center (7th Floor), 292, Inner Circular Road, Fakirapool, Dhaka-1000. | হজ্জ লাইসেন্স বাতিল ও ০৫ লক্ষ টাকা জরিমানা |
| ১৩. | 1126 | Royal Taiba Aviation, 29, Toyenbee Circular Road. Motijheel C/A, Dhaka-1000. | হজ্জ লাইসেন্স বাতিল ও ০৫ লক্ষ টাকা জরিমানা |
| ১৪. | 1130 | S. Ahmed Tours & Travels, 292, Inner Circular Road, Shatabdi Center, 4th Floor, (4-A), Fakirapool. Dhaka. | হজ্জ লাইসেন্স বাতিল ও ০৭ লক্ষ টাকা জরিমানা |
| ১৫. | 1214 | Soharada Ohahed Air Travels, 40/3, Inner Circular (Vip) Road Naya Palton, Dhaka-1000. | হজ্জ লাইসেন্স বাতিল ও ১০ লক্ষ টাকা জরিমানা |
| ১৬. | 1358 | Hazi Hafez Tarvels & Tours, 259/Ka, S.A Khalek Plaza, Karmical Road, Gabtoli, Darus-Salam, Dhaka. | হজ্জ লাইসেন্স বাতিল ও ০৭ লক্ষ টাকা জরিমানা |
| ১৭. | 1430 | Saoban Air Travels, 242/243, West Agargaon, Sher-e-Banglanagar, Dhaka. | হজ্জ লাইসেন্স বাতিল ও ১০ লক্ষ টাকা জরিমানা |

**আব্দুল্লাহ আরিফ মোহাম্মদ**
সিনিয়র সহকারী সচিব।

---

**ভূমি মন্ত্রণালয়**
**জরিপ শাখা-২**

**বিজ্ঞপ্তিসমূহ**

তারিখ : ১৫ ফাল্গুন, ১৪২৫ বঙ্গাব্দ/২৭ ফেব্রুয়ারি, ২০১৯ খ্রিস্টাব্দ

**নং ৩১.০০.০০০০.০৪৯.৩৬.০০২.১৫(অংশ-১)-৬৩**—State Acquistion And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর ১৪৪ ধারার (৭) নম্বর উপ-ধারা এবং প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫৫ (Tenance Rules, 1995) এর ৩৪(২) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাইতেছে যে, নিম্নবর্ণিত মৌজার স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হইয়াছে :—

| ক্রম | মৌজার নাম | জে এল নম্বর | উপজেলা | জেলা | খতিয়ান নম্বর |
|---|---|---|---|---|---|
| ০১ | কুমারখোদা | ১৭৯ | সাভার | ঢাকা | ০৩=০১টি |

**নং ৩১.০০.০০০০.৪৯.৩৬.০০৮.১৫(অংশ-১)-৬৪**—State Acquistion And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর ১৪৪ ধারার (৭) নম্বর উপ-ধারা এবং প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫৫ (Tenancy Rules, 1955) এর ৩৪(২) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাইতেছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হইয়াছে :

| ক্রম | মৌজার নাম | জে এল নম্বর | উপজেলা | জেলা |
|---|---|---|---|---|
| ০১ | বালুর চর (গ্যাস পার) | ৬৮ | রামগতি | লক্ষ্মীপুর |

তারিখ : ০৭ ফাল্গুন ১৪২৫বঙ্গাব্দ/১৯ ফেব্রুয়ারি ২০১৯ খ্রিস্টাব্দ

**নং ৩১.০০.০০০০.৪৯.৩৬.১১২.১০(অংশ-১).৫৬**— State Acquistion And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর ১৪৪ ধারার (৭) নম্বর উপ-ধারা এবং প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫৫ (Tenance Rules, 1955) এর ৩৪(২) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাইতেছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হইয়াছে :—

| ক্রম | মৌজার নাম | জে এল নম্বর | উপজেলা | জেলা |
|---|---|---|---|---|
| ০১ | মনারখিল | ০৪ | নোয়াখালী সদর | নোয়াখালী |
| ০২ | কবীরপুর | ৮০ | নোয়াখালী সদর | নোয়াখালী |
| ০৩ | পশ্চিম পশুরামপুর | ৯১ | নোয়াখালী সদর | নোয়াখালী |
| ০৪ | চর আমিরাবাদ | ১৪১ | নোয়াখালী সদর | নোয়াখালী |

| ক্রম | মৌজার নাম | জে এল নম্বর | উপজেলা | জেলা |
|---|---|---|---|---|
| ০৫ | বাসুকিপাড়া | ৬৬ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| ০৬ | করিমপুর | ৯৬ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| ০৭ | গোবিন্দেরখিল | ১০৮ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| ০৮ | মামুদপুর | ১১২ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| ০৯ | বারুইচতল | ১২২ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| ১০ | দক্ষিণ মিয়াপুর | ১২৩ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| ১১ | সুলতানপুর | ১২৬ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| ১২ | দক্ষিণ জাহানাবাদ | ১৫০ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| ১৩ | তিতা হাজরা | ১৬১ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| ১৪ | লালপুর | ১৬৫ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| ১৫ | মহব্বতপুর | ১৭৩ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| ১৬ | দরবেশপুর | ২৩৬ | বেগমগঞ্জ | নোয়াখালী |

| ক্রম | মৌজার নাম | জে এল নম্বর | উপজেলা | জেলা |
|---|---|---|---|---|
| ১৭ | নজরপুর | ২৪৩ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| ১৮ | ছনগ্রাম | ২৪৯ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| ১৯ | ভানুয়াই | ২৬৯ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| ২০ | কৌশল্যারবাগ | ২৭১ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| ২১ | উত্তর গোবিন্দপুর | ২৭৬ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| ২২ | ছোট বিজয়নগর | ২৯০ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| ২৩ | আবদুল্লাপুর | ৩০৮ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| ২৪ | রাজাপুর | ৩১০ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| ২৫ | নগরকান্দি | ৩৭ | ফেনী সদর | ফেনী |
| ২৬ | মজলিশপুর | ৫৬ | ফেনী সদর | ফেনী |
| ২৭ | মালিপুর | ৬৫ | ফেনী সদর | ফেনী |
| ২৮ | ধোনসহর্দ্দা | ৯১ | ফেনী সদর | ফেনী |
| ২৯ | চাঁদপুর | ১১৮ | ফেনী সদর | ফেনী |

তারিখ : ০৫ ফাল্গুন ১৪২৫বঙ্গাব্দ/১৭ ফেব্রুয়ারি ২০১৯ খ্রিস্টাব্দ

**নং ৩১.০০.০০০০.৪৯.৩৩.০০৯.১৭(অংশ-১).৫৪**—State Acquistion And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর ১৪৪ ধারার (৭) নম্বর উপ-ধারা এবং প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫৫ (Tenancy Rules, 1955) এর ৩৪(২) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাইতেছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হইয়াছে :

| ক্রম | মৌজার নাম | জে এল নম্বর | উপজেলা | জেলা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | সাতবর্গ | ১৭০ | ব্রাহ্মণবাড়িয়া সদর | ব্রাহ্মণবাড়িয়া | মহামান্য হাইকোর্ট বিভাগে ৪০৩১/২০১০ নং রীট দায়ের থাকায় রীট সংশ্লিষ্ট ৬২৭ ও ৭৩১ নং খতিয়ান ব্যতিত। |
| ২ | পশ্চিম ইছাপুর | ১৪৭ | ব্রাহ্মণবাড়িয়া সদর | ব্রাহ্মণবাড়িয়া | |
| ৩ | মাদলা (নন্দন নগর) | ১৪৫ | কসবা | ব্রাহ্মণবাড়িয়া | |
| ৪ | পশ্চিম নোওয়াপাড়া | ২৯ | কুমিল্লা সদর | কুমিল্লা | মহামান্য হাইকোর্ট বিভাগে ৫২১/২০১০ ও ৭০৮৮/২০১২ নং রীট দায়ের থাকায় রীট সংশ্লিষ্ট ১১৪, ২১৫ ও ৭৩১ নং খতিয়ান ব্যতিত। |
| ৫ | নয়াগাঁও | ১০৯ | দাউদকান্দি | কুমিল্লা | মহামান্য হাইকোর্ট বিভাগে ৭৪২৬/২০১০ ও ৭৪২৭/২০১০ নং রীট দায়ের থাকায় রীট সংশ্লিষ্ট ১৬৫ ও ৪৩৯ নং খতিয়ান ব্যতিত। |
| ৬ | মজলিসপুর | ৮৩ | ব্রাহ্মণবাড়িয়া সদর | ব্রাহ্মণবাড়িয়া | |
| ৭ | ব্রাহ্মণবাড়িয়া | ৭১ | ব্রাহ্মণবাড়িয়া সদর | ব্রাহ্মণবাড়িয়া | মহামান্য হাইকোর্ট বিভাগে ২৪১৭/১১ নং রীট দায়ের থাকায় রীট সংশ্লিষ্ট ২৮৯০ ও ৪৩৩৬ নং খতিয়ান ব্যতিত। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম এম আরিফ পাশা**
উপসচিব।

---

**যুব ও ক্রীড়া মন্ত্রণালয়**

**প্রশাসন-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৮ মাঘ ১৪২৫ বঙ্গাব্দ/১০ ফেব্রুয়ারি ২০১৯ খ্রিস্টাব্দ

**নং ৩৪.০০.০০০০.০৪১.১১.০০৪.১৭.২৫২**—যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের এবং দপ্তর/সংস্থার ৭ম, ৮ম, ৯ম গ্রেডের ১ম শ্রেণির কর্মকর্তাদের পদোন্নতি/উচ্চতর টাইমস্কেল/সিলেকশন গ্রেড প্রদান বিষয়ক কমিটি নিম্নোক্তভাবে গঠন করা হল :

**সভাপতি**

(১) প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগের সচিব/অতিরিক্ত সচিব

**সদস্যবৃন্দ**

(২) জনপ্রশাসন মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব পর্যায়ের পর্যায়ের একজন প্রতিনিধি

(৩) অর্থ মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব পর্যায়ের একজন প্রতিনিধি

(৪) সংশ্লিষ্ট দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর এর প্রধান

**সদস্য-সচিব**

(৫) প্রশাসনিক মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব/সম পর্যায়ের কর্মকর্তা

২। ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**রওশন আরা পলি**
সিনিয়র সহকারী সচিব।

## তথ্য মন্ত্রণালয়

### চলচ্চিত্র-১ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ : ১৪ ফাল্গুন ১৪২৫/২৬ ফেব্রুয়ারি ২০১৯

**নং ১৫.০০.০০০০.০২৭.০৬.০০১.১৯.৮৯**— এ মন্ত্রণালয়ের ১৯ অক্টোবর ২০১৫ তারিখের তম/চলচ্চিত্র-৪/২০০৯/৬৫৮ সংখ্যক প্রজ্ঞাপনের অনুবৃত্তিক্রমে বাংলাদেশ সেন্সরশিপ অব ফিল্মস রুলস ১৯৭৭ এর ১৯ নম্বর বিধির ২ নম্বর উপ-বিধিতে প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নোক্তভাবে ফিল্ম সেন্সর আপিল কমিটি পুনর্গঠন করলেন :

**সভাপতি**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ

**সদস্য**

২. মিজ সুবর্ণা মোস্তফা, মাননীয় সংসদ সদস্য, সংরক্ষিত মহিলা আসন

**আহ্বায়ক**

৩. সচিব, তথ্য মন্ত্রণালয় ও চেয়ারম্যান, বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড

**সদস্যবৃন্দ**

৪. জনাব সালাউদ্দিন বাদল, সহ-সভাপতি, সম্মিলিত সাংস্কৃতিক জোট, ৭ উত্তর মৈশুন্ডি, ওয়ারী, ঢাকা।

৫. মিজ লাকী ইনাম, বিশিষ্ট অভিনয় শিল্পী, ফ্লাট কে/৭, বেইলী রিজ-১, নিউ বেইলী রোড, ঢাকা।

৬. জনাব শ্যামল দত্ত, সম্পাদক, দৈনিক ভোরের কাগজ, কর্ণফুলী পয়েন্ট, মালিবাগ, ঢাকা।

**সদস্য-সচিব**

৭. ভাইস চেয়ারম্যান, বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড

২। এ আপিল কমিটির মেয়াদ প্রজ্ঞাপনের তারিখ হতে আগামী ২ (দুই) বছর বলবৎ থাকবে। কমিটি বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডের সিদ্ধান্তে সংক্ষুব্ধ সংশ্লিষ্ট ব্যক্তি/ প্রতিষ্ঠানের আপিল আবেদনের বিষয়ে যথানিয়মে সিদ্ধান্ত প্রদান করবেন।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সাইফুল ইসলাম**
উপসচিব।

### তথ্য ও গণযোগাযোগ-১ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ : ১৩ ফাল্গুন ১৪২৫/২৫ ফেব্রুয়ারি ২০১৯

**নং ১৫.০০.০০০০.০২৫.০৬.০০১.১৮-৮০**—যেহেতু জনাব মোঃ আলী হোসেন, তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, ঢাকা কর্তৃক তথ্য অধিদপ্তরের ডিজিটাল হাজিরা মেশিন নষ্ট করা এবং কর্তৃপক্ষের বিনা অনুমতিতে গত ০৬-১০-২০১৬ থেকে ১০-১১-২০১৬ তারিখ পর্যন্ত কর্মস্থলে অনুপস্থিতির অভিযোগে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী "অসদাচরণ" এর দায়ে ০১/২০১৮ নং বিভাগীয় মামলা রুজু করত: অভিযোগনামা-অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়;

যেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৪(৩)(ঘ) বিধিমতে অভিযুক্ত কর্মকর্তাকে চাকুরী হতে বরখাস্ত বা অন্য কোন শাস্তিমূলক ব্যবস্থা কেন গ্রহণ করা হবে না এ বিষয়ে পত্র প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিত জবাবসহ কারণ দর্শাতে এবং ব্যক্তিগতভাবে শুনানীর জন্য নির্দেশ দেয়া হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা কারণ দর্শানোর লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানীর জন্য আবেদন করেন। গত ১৪-১০-২০১৮ তারিখে তার ব্যক্তিগত শুনানী অনুষ্ঠিত হয়। সরকার পক্ষে তথ্য অধিদপ্তরের প্রতিনিধি উপস্থিত ছিলেন। শুনানীতে তার বক্তব্য/জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ বিধিমতে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তে জনাব মোঃ আলী হোসেন এর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়। তিনি সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী "অসদাচরণ" এর দায়ে দোষী। এ কারণে তিনি দণ্ড পাওয়ার যোগ্য।

সেহেতু, জনাব মোঃ আলী হোসেন, তথ্য অফিসার তথ্য অধিদপ্তর, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) বিধি অনুযায়ী তার বিরুদ্ধে আনীত "অসদাচরণ" অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনায় একই বিধিমালার ৪(২) (ক) বিধি অনুযায়ী তিরস্কার দণ্ড প্রদান করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবদুল মালেক**
সচিব।

### টিভি-২ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ : ০৮ ফাল্গুন ১৪২৫/২০ ফেব্রুয়ারি ২০১৯

**নং ১৫.০০.০০০০.০২৪.১৮.০০১.১৭-৭৫**—কেবল্ টেলিভিশন নেটওয়ার্ক পরিচালনা আইন-২০০৬ এর ধারা (১২) এবং কেবল্ টেলিভিশন নেটওয়ার্ক পরিচালনা ও লাইসেন্সিং বিধিমালা, ২০১০ এর বিধি (১০) মোতাবেক সরকার কর্তৃক নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে সংশোধিত একটি পরামর্শক কমিটি গঠন করা হইল :

**সভাপতি**

(১) সচিব, তথ্য মন্ত্রণালয়, ঢাকা।

**সদস্যবৃন্দ**

(২) প্রধানমন্ত্রীর কার্যালয় কর্তৃক মনোনীত অন্যূন মহাপরিচালক পদমর্যাদার একজন কর্মকর্তা।

(৩) আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ কর্তৃক মনোনীত অন্যূন যুগ্ম-সচিব পদ মর্যাদার একজন কর্মকর্তা।

(৪) স্বরাষ্ট্র, মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগ কর্তৃক মনোনীত অন্যূন যুগ্ম-সচিব পদ মর্যাদার একজন কর্মকর্তা।

(৫) ডাক ও টেলিযোগাযোগ বিভাগ কর্তৃক মনোনীত অন্যূন যুগ্ম-সচিব পদ মর্যাদার একজন কর্মকর্তা।

(৬) বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক মনোনীত অন্যূন যুগ্ম-সচিব পদ মর্যাদার একজন কর্মকর্তা।

(৭) সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক মনোনীত অন্যূন যুগ্ম-সচিব পদ মর্যাদার একজন কর্মকর্তা।

(৮) অতিরিক্ত সচিব (সম্প্রচার) তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(৯) মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।

(১০) বাংলাদেশ কমিউনিকেশন স্যাটেলাইট কোম্পানি লিমিটেড, (বিসিএসসিএল) এর প্রতিনিধি।

(১১) Association of TV Channal Owners (ATCO) এর প্রতিনিধি।

(১২) সরকার কর্তৃক মনোনীত বেসরকারি সম্প্রচার মাধ্যমের একজন প্রতিনিধি।

**সদস্য-সচিব**

(১৩) উপ-সচিব (টিভি-২), তথ্য মন্ত্রণালয় ঢাকা।

**দায়িত্ব ও কার্যাবলী :**

(ক) আইন ও উহার অধীন প্রণীত বিধিমালা যথাযথভাবে প্রতিপালিত হইতেছে কি না তাহা মূল্যায়ন;

(খ) লাইসেন্সিং কর্তৃপক্ষ কর্তৃক ডিস্ট্রিবিউটর এবং সেবাপ্রদানকারী বরাবরে যথাযথভাবে লাইসেন্স ইস্যু করা হচ্ছে কিনা, তাহা সরেজমিনে তদারকিকরণ;

(গ) ডিস্ট্রিবিউটর, সেবাপ্রদানকারী, গ্রাহক, ফি অপারেটর, কেবল অপারেটর, মাল্টিপল সিস্টেম অপারেটর, ইত্যাদি কর্তৃক আইনের বিভিন্ন ধারায় উল্লিখিত বিধানাবলী যথাযথভাবে অনুসরণ করা হচ্ছে কিনা, সে সম্পর্কে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক তথ্য সংগ্রহকরণ এবং উক্তরূপ তথ্যের ভিত্তিতে সরকারের নিকট করণীয় বিষয়াদি সম্পর্কে পরামর্শ বা সুপারিশ প্রদান;

(ঘ) সরকার কর্তৃক বিভিন্ন সময়ে অর্পিত দায়িত্ব সম্পাদন;

(ঙ) বিদেশী পে-চ্যানেল ও বিদেশী ফ্রি টু এয়ার চ্যানেল বাংলাদেশে ডাউনলিংকের সংখ্যা নির্ধারণসহ অনুমোদনের লক্ষ্যে সরকারের নিকট সুপারিশ প্রদান;

(চ) ধারা ১৯ এর আলোকে বিদেশী পে-চ্যানেল ও ফ্রি টু এয়ার চ্যানেল নির্বাচন;

(ছ) উপরি-উক্ত দায়িত্ব ও কর্তব্যসমূহ সম্পাদনের জন্য প্রয়োজনীয় যে কোন ব্যবস্থা গ্রহণ বা সরকারের নিকট সুপারিশমালা প্রেরণ।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবদুর রাজ্জাক**
উপসচিব।

---

**[একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত পত্র]**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৫ ফাল্গুন, ১৪২৫ বঙ্গাব্দ/১৭ ফেব্রুয়ারি, ২০১৯ খ্রিস্টাব্দ

**নং ৩৭.০০.০০০০.০৭১.১৮.০০২.১৭(অংশ-২)-১৫৭**—১৭ ফেব্রুয়ারি ২০১৯ খ্রিস্টাব্দ/০৫ ফাল্গুন, ১৪২৫ বঙ্গাব্দ তারিখ হতে নিম্নবর্ণিত ০৪(চার) টি বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়কে সরকারি করা হলো :

| ক্রমিক নং | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা |
|---|---|
| ১. | রেবতী রমন দ্বি-পাক্ষিক উচ্চ বিদ্যালয়, দক্ষিণ সুরমা, সিলেট |
| ২. | রায়পুর মার্চেন্টস্ একাডেমী, রায়পুর, লক্ষ্মীপুর |
| ৩. | জীবননগর থানা পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয়, জীবননগর, চুয়াডাঙ্গা |
| ৪. | রাণীগঞ্জ ২য় দ্বি-মুখী উচ্চ বিদ্যালয় এন্ড কলেজ, ঘোড়াঘাট, দিনাজপুর |

২। এ সকল শিক্ষা প্রতিষ্ঠানে বর্তমানে কর্মরত কোন শিক্ষক অন্যত্র বদলি হতে পারবেন না।

৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**লুৎফুন নাহার**
উপসচিব।